

## পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ

Website: [www.westbengalvaluationboard.org](http://www.westbengalvaluationboard.org)

### খড়গপুর পুর এলাকা সম্পর্কিত বিজ্ঞপ্তি


সাধারণ বিজ্ঞপ্তি নং ১৯৩/ডব্লিউ.বি.ভি.বি

তারিখ ১৮/০৪/২০১৭

পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ আইন, ১৯৭৮ (West Bengal Act LVII of 1978) এর ৯ ধারার (১) উপধারা মোতাবেক পশ্চিমবঙ্গ সরকারের ৩০শে আগস্ট ২০১৬ সালের ২৪৯/এমএ/ও/সি-৬/৪এ-২/২০১৬ নং বিজ্ঞপ্তির বলে পশ্চিম মেদিনীপুর জেলার অন্তর্গত খড়গপুর পুর এলাকায় অবস্থিত সকল জমি ও বাড়ির মূল্যায়ন নির্ধারণ (General Valuation) পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ কর্তৃক সম্পন্ন হইবে।

পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ আইন - ১৯৭৮ এর ১৬নং ধারা এবং তদনুযায়ী রচিত নিয়মাবলী অনুসারে খড়গপুর পুর এলাকায় অন্তর্গত সকল জমি ও বাড়ির মালিক অথবা বসবাসকারীদের প্রত্যেককে এই বিজ্ঞপ্তির ৩০ দিনের মধ্যে নিজ নিজ জমি ও বাড়ির তথ্যাদি সম্বলিত একটি বিবরণ নামা পেশ করিতে হইবে। পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ নিয়মাবলী (জমি ও বাড়ির মূল্যায়ন) ১৯৮৪ - র তফশীল তিনে বর্ণিত ফরম মোতাবেক উক্ত বিবরণ নামা প্রদেয়। উক্ত ফরম পর্ষদ এর ক্যাম্প অফিসে তথা খড়গপুর পুর ভবনস্থিত পর্ষদ কার্যালয়ে প্রতিদিন (শনিবার ও ছুটির দিন ব্যতীত) সকাল ১১টা থেকে বিকাল ৪টা পর্যন্ত বিনামূল্যে পাওয়া যাইবে। এই ফরমটি ([www.westbengalvaluationboard.org](http://www.westbengalvaluationboard.org)) ওয়েবসাইট থেকে download করা যাইতে পারে।

খড়গপুর পুর এলাকায় সকল জমি ও বাড়ির মালিক ও বসবাসকারীদের এতদ্বারা এই বিজ্ঞপ্তির জারির ৩০ দিনের মধ্যে নির্দিষ্ট ফর্মে প্রদেয় বিবরণ নামা উপরিবর্ণিত ক্যাম্প অফিসে অথবা পর্ষদ অফিসে দাখিল করিতে অনুরোধ করা হইতেছে। উল্লেখ থাকে যে এই বিবরণ নামা দাখিল করা তাঁহাদের একটি বিধিবদ্ধ কর্তব্য।

  
সদস্য সচিব

পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ

তারিখ :- ১৮/০৪/২০১৭.

পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ,  
ময়ূখভবন, প্রথম তল, বিধাননগর,  
কলকাতা - ৭০০০৯১